শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত )
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধদিপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ,ইস্কাটনর্গাডনে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০০১.১৮- ৯৫ তারিখ: ০৫.০৬.২০১৮খ্রি:।

বিষয়: ঢাকা জেলার মিরপুরস্থ হযরত শাহ্ আলী বাগদাদী (রহঃ) কামিল মাদরাসার অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ/জ্যেষ্ঠতম শিক্ষক (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এর সাক্ষরে এবং এডহক কমিটির সভাপতির প্রতি স্বাক্ষরে শিক্ষক-র্কমচারীদের বেতন-ভাতাদির (এম পি ও) বিল উত্তোলনের বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) হযরত শাহ্ আলী বাগদাদী (রহঃ) কামিল মাদরাসার স্মারক নং-হশম/২৫/১৮ তারিখ:২৭.০৫.২০১৮খ্রি.।
(২) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/রেজি:/প্রশা/কা.গ.ব/ঢ-০৯/২০১৭/৫৩৬৯ তারিখ:২২.০৪.২০১৮খ্রি:।
(৩) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/রেজি:/প্রশা/২০১৫/৪০৭৩ তারিখ:০১.১১.২০১৭খ্রি:।
(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ তারিখ:০৬.০৬.২০১১খ্রি:।
(৫) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ:০৯.০৭.২০১২খ্রি:।
(৬) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭-৭৮৪ তারিখ:১৬.১০.২০১৮খ্রি:।
(৭) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭-১৪৪ তারিখ:২২.০১.২০১৮খ্রি:।
(৮) রিট মামলা নং ১৫৯৯২/২০১৭
(৯) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৬০.১৭/৯৪ তারিখ : ২৭.০৩.২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে বিষয়োক্ত মাদরাসার এডহক কমিটি গঠিত হওয়ায় অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও এডহক কমিটির সভাপতির যৌথ স্বাক্ষরে শিক্ষক-র্কমচারীদের বেতন-ভাতাদির (এম পি ও) বিল উত্তোলনের অনুমতি প্রদানের জন্য আবেদন করা হয়েছে।

০২. আবেদনের সাথে সংযুক্ত সূত্রে বর্ণিত (২) নং পত্র মোতাবেক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক বিষয়োক্ত মদরাসার এডহক কমিটি গঠন করা হয়েছে এবং অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কে পদাধিকারবলে সদস্য-সচিবের দায়িত্ব প্রদান করা হয়েছে। তবে উক্ত মাদরাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষের অনুপস্থিতিতে (উক্ত মাদরাসায় অধ্যক্ষ না থাকায় এবং উপাধ্যক্ষ কার্যকর না থাকায়) ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব কোন শিক্ষক কর্তৃক পালন করা হবে তা স্পষ্ট করা হয়নি।

০৩. সূত্রে বর্ণিত (৩) নং পত্রে উল্লেখ আছে,"মাদরাসায় উপাধ্যক্ষ না থাকলে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।"

০৪. সূত্রে বর্ণিত (৪) ও (৫) নং পত্রেও অধ্যক্ষ ও উপাধ্যক্ষের অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে নির্দেশনা আছে।

০৫. সূত্রে বর্ণিত (৭) নং পত্রে জনাব মো: রাফিউল ইসলাম, বিজ্ঞ আইনজীবি, সুপ্রীম কোর্ট অব বাংলাদেশ ও লিগ্যাল এডভাইজার, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের আইনি মতামত (রিট মামলা নং ১৫৯৯২/১৭ থাকায়) এবং সূত্রে বর্ণিত (৩),(৪) ও (৫) নং পত্রের ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে হযরত শাহ্ আলী বাগদাদী (রহঃ) কামিল মাদরাসার (অধ্যক্ষ ও উপাধ্যক্ষের অবর্তমানে)জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মো: আব্দুছ ছামাদ, সহকারী অধ্যাপক,বাংলা**(ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে)** এর স্বাক্ষরে এবং জেলা প্রশাসক, ঢাকা এর প্রতি স্বাক্ষরে শিক্ষক-র্কমচারীদের বেতন-ভাতাদির (এম পি ও) বিল উত্তোলনের অনুমতি প্রদান করা হয়।

০৬.ইতোমধ্যে রিট (মামলা নং ১৫৯৯২/১৭)মামলায় সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে এবং উক্ত জবাবেও বলা হয়েছে যে অধ্যক্ষ ও উপাধ্যক্ষের অবর্তামানে জনাব কে,এম সাইফুল্লাহ উক্ত মাদরাসার জ্যেষ্ঠতম শিক্ষক নন এবং সিনিয়রিটি হিসেবে উক্ত মাদরাসায় তাঁর অবস্থান ১২তম স্থানে।

০৭. যেহেতু সূত্রে বর্ণিত (২) নং পত্র মোতাবেক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক বিষয়োক্ত মাদরাসার এডহক কমিটি গঠন করা হয়েছে সেহেতু সূত্রে বর্ণিত (৭) নং পত্রের কার্যাকারিতা না থাকায় তা বাতিল করা হলো।

০৮.যেহেতু সূত্রে বর্ণিত (২) নং পত্র মোতাবেক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক বিষয়োক্ত মাদরাসার এডহক কমিটি গঠন করা হয়েছে সেহেতু সূত্রে বর্ণিত (৭) নং পত্রের কার্যাকারিতা না থাকায় তা বাতিল করা হয়েছে এবং মিরপুরস্থ হযরত শাহ্ আলী বাগদাদী (রহঃ) কামিল মাদরাসার শিক্ষক কর্মাচারীগণের এমপিও উত্তোলনে যাতে কোন জটিলতা সৃষ্টি না হয় এবং সর্বোপরি রিট মামলায় (রিট মামলা নং-১৫৯৯২/১৭) সরকার পক্ষে দাখিলকৃত জবাবের বিষয়ে পরবর্তীতে আইনগত জটিলতা পরিহারের লক্ষ্যে বিষয়টি স্পষ্টিকরণের উদ্যোগ নেয়া হয়েছে।

০৯. এমতাবস্থায়, সরকার তথা শিক্ষা মন্ত্রণালয় ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী হযরত শাহ্ আলী বাগদাদী (রহঃ) কামিল মাদরাসার জ্যেষ্ঠতম শিক্ষক (**ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে**) এর স্বাক্ষরে এবং এডহক কমিটির সভাপতির প্রতি স্বাক্ষরে শিক্ষক-র্কমচারীদের বেতন-ভাতাদির (এম পি ও) বিল উত্তোলনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

06.06.18
(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

১। সভাপতি, হযরত শাহ্ আলী বাগদাদী (রহঃ) কামিল মাদরাসা।
২। জ্যেষ্ঠতম শিক্ষক (**ভারপ্রাপ্ত অধ্যক্ষ)** হযরত শাহ্ আলী বাগদাদী (রহঃ) কামিল মাদরাসা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
১. মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন (৯ম তলা), ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন (৯ম তলা), ঢাকা।
৩. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৪. থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মিরপুর,
৫. ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, মিরপুর নিউমার্কেট শাখা, ঢাকা।{সূত্রে বর্ণিত(৯) নং স্মারকের মাধ্যমে হযরত শাহ্ আলী বাগদাদী (রহঃ) কামিল মাদরাসার শিক্ষক জনাব কে,এমসাইফুল্লাহ এর এমপিও সাময়িকভাবে বন্ধ করা হয়েছে বিধায় মন্ত্রণালয়ের পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত উক্ত শিক্ষকের এমপিও ছাড় না করার জন্য অনুরোধ করা হলো (আদেশের কপি সংযুক্ত)}।
৬. অফিস কপি।